

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ অধ্যায়: সৎ কাজ ও তার সাওয়াব - প্রতিটি সৎ আমলকারীকে ঐ আমলের দরজা থেকে জান্নাতে ডাকা হবে

بَابُ مَا جَاءَ فِي الطَّاعَاتِ وَثَوَابِهَا لذِيكُرُ الْإِخْبَارِ بِأَنَّ أَهْلَ كُلِّ طَاعَةٍ فِي الدُّنْيَا يُدْعَوْنَ إِلَى الْجَنَّةِ مِنْ بَابِهَا

আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: أَخْبَرَنَا أَحمد بن أبي بكر عن مالك عن ابْنِ شِهَابٍ عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَنْ أَنْفَقَ زَوْجَيْنِ فِي سَبِيلِ اللَّهِ نُودِيَ فِي الْجَنَّةِ يَا عَبْدَ اللَّهِ هَذَا خَيْرٌ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَنْ أَهْلِ الصَّلَاةِ دُعِيَ مِنْ بَابِ الصَّلَاةِ وَمَنْ كَانَ مِنْ أَهْلِ الْجِهَادِ دُعي مِنْ بَابِ الصَّلَاةِ وَمَنْ كَانَ مِنْ أَهْلِ الْجِهَادِ دُعي مِنْ بَابِ الصَّلَاةِ وَمَنْ كَانَ مِنْ أَهْلِ الْجَهَادِ دُعي مِنْ بَابِ الصَّدَقَةِ دُعي مِنْ بَابِ الصَّدَقَةِ وَمَنْ كَانَ مِنْ أَهْلِ الصَّدَقَةِ وَمَنْ كَانَ مِنْ أَهْلِ الصَّيَّكَةِ وَمَنْ كَانَ مِنْ أَهْلِ الصَيِّدَةِ وَمَنْ كَانَ مِنْ أَهْلِ الصَيْدَةِ وَمَنْ كَانَ مِنْ أَهْلِ الصَيْدَةِ وَمَنْ بَابِ الصَيْدَةِ وَمَنْ كَانَ مِنْ أَهْلِ الصَيْدَةِ وَمَنْ بَابِ السَّولَ اللَّهِ مَا عَلَى مَنْ دُعِيَ مِنْ تِلْكَ الْأَبُوابِ مِنْ ضَرُورَةٍ فَهَلْ يُدعى أَحَدٌ مِنْ تِلْكَ الْأَبُوابِ كُلِّهَا؟ قَالَ: (نَعَمْ وَأَرْجُو أَنْ تَكُونَ مَنْ مُنْ مُنُ وَرَةٍ فَهَلْ يُدعى أَحَدُ مِنْ تِلْكَ الْأَبُوابِ كُلِّهَا؟ قَالَ: (نَعَمْ وَأَرْجُو أَنْ تَكُونَ مَنْ مَنْ مُنْ وَلَوْ الْمَالِ اللَّهِ مَا عَلَى مَنْ دُعَى مَنْ تَلْكَ مَنْ اللَّهُ الْمُهُمْ)

الراوي: أَبِو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 308 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩০৮. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যে ব্যক্তি আল্লাহর রাস্তায় কোন কিছু এক জোড়া ব্যয় করবে, জান্নাতে ডাকা হবে: হে আল্লাহর বান্দা, এটি উত্তম কাজ।" কাজেই যারা সালাত আদায়কারী হবে, তাদেরকে সালাতের দরজা থেকে ডাকা হবে, যারা জিহাদ করবেন, তাদেরকে জিহাদের দরজা থেকে ডাকা হবে, যারা সাদাকাকারী হবে,তাদেরকে সাদাকার দরজা থেকে ডাকা হবে, যারা সিয়াম পালনকারী হবে, তাদেরকে রায়্যান নামক দরজা থেকে ডাকা হবে।" তখন আবু বকর রাদ্বিয়াল্লাহু



আনহু বলেন: "কাউকে তো সব দরজা থেকে ডাকার কোন প্রয়োজন নেই। এমন কেউ কি আছে, যাকে সব দরজা থেকে ডাকা হবে?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "হাাঁ, ডাকা হবে। আমি আশাবাদী যে, আপনি তাদের একজন।"[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুরাহ: ১৬৩৫; মুয়াত্তা ইমাম মালিক: ২/২৪; তিরমিযী: ৩৬৭৪; নাসাঈ: ৪/১৬৮; সহীহ আল বুখারী: ৩৬৬৬; সুনানু বাইহকী: ৯/১৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৮৮৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন